# ভারতে জনসংখ্যা বৃদ্ধির ইতিহাস আলোচনা করো

ভারতের প্রথম জনগণনা করা হয় 1872 সালে। তার আগে ভারতে জনসংখ্যা কত ছিল তা সম্পর্কে সঠিক তথ্য জানা যায় নি। 1800 সাল নাগাদ ভারতের জনসংখ্যা ছিল প্রায় 12 কোটি। 1871 সালে তা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় 25 কোটি 50 লক্ষ। ভারতের সাম্প্রতিক কালে জনসংখ্যার বৃদ্ধির প্রকৃতি বিশ্লেষণ করলে দেখা যায়ে ভারতের জনসংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে।

## প্রথম পর্যায় (1901 - 1921)

1901 - 1921 সাল পর্যন্ত ভারতের জনসংখ্যাকে স্থির জনসংখ্যা বলে। এই সময় খরা, মহামারি, বিশ্বযুদ্ধ, ইনফ্লুয়েঞ্জা রোগের ফলে, ইত্যাদি কারণে প্রায় 1 কোটি 25 লক্ষ মানুষের মৃত্যু ঘটে। এই সময় জনসংখ্যা বেড়ে দাঁড়ায় মাত্র 25.13 কোটিতে। 1911 - 1921 সালের মধ্যে জনসংখ্যা 0.31% হ্রাস পেয়েছে।

## দ্বিতীয় পর্যায় (1921 - 1951)

1951 সালে জনসংখ্যার বৃদ্ধি পেয়ে দাঁড়ায় 36.11 কোটিতে। এই পর্যায়ে জনসংখ্যা বৃদ্ধির হার ছিল 18.31%। জন্মহার বিশেষ না কমলেও মৃত্যুহার হ্রাস পাওয়ায় এই জনসংখ্যা বৃদ্ধি লক্ষ্য করা যায়।

## তৃতীয় পর্যায় (1951 - 1981)

এই সময় ভারতের জনসংখ্যার উচ্চ বৃদ্ধি লক্ষ্য করা যায়। এই সময় কালকে জনবিস্ফোরণ যুগ বলা হয়। 1981 সালে জনসংখ্যার প্রায় 32 কোটি বৃদ্ধি পেয়ে হয় 68.33 কোটি। জন্মহারের তুলনায় মৃত্যুহারের দ্রুত হ্রাস, চিকিৎসার অগ্রগতি, ইত্যাদি কারণে জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পায়। এই সময় জনসংখ্যার বৃদ্ধির হার ছিল 24.66%.

## চতুর্থ পর্যায় (1981 - 2011)

দেশের অর্থনৈতিক উন্নতির সঙ্গে সঙ্গে জন্মহার, মৃত্যুহার উভয়েই কমতে থাকে, ফলে জনসংখ্যার বৃদ্ধির হারও কমে যায়, 2011 সালে জনসংখ্যার পরিমাণ ছিল 121.02 কোটি। 2011 সালে জনসংখ্যার হার বেড়ে দাঁড়ায় 17.64%।

2001 থেকে 2011 সাল পর্যন্ত এই দশ বছরে জনসংখ্যার বৃদ্ধির পরিমাণ ছিল প্রায় 19 কোটি। প্রতিবছর প্রায় 1 কোটি 80 লক্ষের বেশি। অর্থাৎ ভারতের জনসংখ্যা দ্রুত গতিতে বেড়ে চলেছে। বর্তমানে প্রতিবছর জনসংখ্যার বৃদ্ধির হার প্রায় 1.8% ফলে প্রতিবছর জনসংখ্যা বেড়ে চলেছে 1 কোটি 80 লক্ষ। অর্থাৎ প্রতিদিন প্রায় 30 হাজার, অর্থাৎ এই হারে বাড়তে থাকলে 2021 সালে ভারতে জনসংখ্যা 139 কোটি ছাড়িয়ে যাবে,

**■বর্তমান ভারতের জনসংখ্যা বৃদ্ধির গতিপ্রকৃতি (The Modern Trends of Population Growth in India) :**

ভারত পৃথিবীর দ্বিতীয় জনবহুল দেশ। এখন জনসংখ্যা বৃদ্ধির হার খুবই বেশি (17.64%)। 1901 সালে ভারতের জনসংখ্যা ছিল 23.84 কোটি। 1911 সালে তা বেড়ে দাঁড়িয়েছে 25.21 কোটিতে। বৃদ্ধির হার প্রায় 5.75%। 1921 সালে জনসংখ্যা বৃদ্ধির হার কিছুটা কমে হয় 25.13 কোটি। 1901-1951 সালের মধ্যে অর্থাৎ 50 বছরে ভারতের জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে মাত্র 12.27 কোটি। 1951-2001 সাল অর্থাৎ 50 বছরে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে 66.59 কোটি অর্থাৎ প্রতি বছর প্রায় 1.33 কোটি করে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে। বর্তমান ভারতে পূর্ববর্তী দশক থেকে বৃদ্ধির হার কিছুটা কমে এসেছে। 1991 সালে বৃদ্ধির হার ছিল 23.87% কিন্তু 2001 সালে তা কমে হয়েছে 21.54%। বর্তমানে ভারতে জনসংখ্যা বৃদ্ধির হার 17.65% (2011)।

ভারতে জনসংখ্যা বৃদ্ধির গতিপ্রকৃতিককে তিনটি পর্যায়ে করা যায়—

**(i) প্রথম পর্যায় 1901-1921 (নিশ্চল অবস্থা বা (Period of Stagnant Growth) :** 1901 সালের জনগণনা অনুযায়ী ভারতের জনসংখ্যা ছিল 23.84 কোটি। 1911 সালে ভারতের জনসংখ্যা হয় **25.21** কোটি আবার 1921 সালে জনসংখ্যা হয় 25.13 কোটি।।

Scanned with CamScanner

● বৈশিষ্ট্য :

(a) জন্মহার ও মৃত্যুহার উভয়ই বেশি থাকায় মোট জনসংখ্যা খুব বেশি বৃদ্ধি পায়নি।

(b) মহামারি (প্লেগ, বসন্ত, কলেরা) দুর্ভিক্ষ, খরা, বন্যা প্রভৃতির কারণে প্রচুর মানুষের মৃত্যু ঘটে।

(c) এর ফলে জনসংখ্যা বৃদ্ধির হার ছিল অত্যন্ত হ্রাস।

(d) ভারতের জনসংখ্যা বৃদ্ধির ইতিহাসে 1921 খ্রিস্টাব্দ সর্বাধিক গুরুত্বপূর্ণ। কারণ এই সময় থেকেই জনসংখ্যা বৃদ্ধি ঋনাত্মক হয়।

**(ii) দ্বিতীয় পর্যায় 1921–1951 (ধীরবৃদ্ধি বা Period of Steady Growth) :** 1951 সালে ভারতের জনসংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছিল 36.11 কোটি। 1921 সালে যেখানে ভারতের জনসংখ্যা ছিল 25.13 কোটি, 1931 সালে তা বেড়ে হয় 27.90 কোটি এবং 1941 সালে তা হয় 31.87 কোটি।

● বৈশিষ্ট্য :

(a) 1921 খ্রিস্টাব্দের পর থেকে 1951 খ্রিস্টাব্দ পর্যন্ত জনসংখ্যা ধীর গতিতে বৃদ্ধি পায়।

(b) এই সময় জন্মহার বেশি (40%) কিন্তু চিকিৎসা পরিষেবার উন্নতির কারণে মৃত্যুহার ক্রমশ কমতে থাকে।

**(iii) তৃতীয় পর্যায় 1951–1981 (দ্রুত বৃদ্ধি বা (Period of Rapid Growth) :** 1951 সালে ভারতের জনসংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছিল 36.11 কোটি 30 বছরে ভারতের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি হয় প্রায় 32.22 কোটি। 1961 সালে মোট জনসংখ্যা হয় 43.92 কোটি। 1981 সালে তা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় 68.33 কোটিতে।

● বৈশিষ্ট্য :

(a) 1951 সালের পর থেকে 30 বছরে ভারতের জনসংখ্যা অতি দ্রুতহারে বৃদ্ধি পেতে থাকে।

(b) এই সময়ে জন্মহার বেশি কিন্তু উন্নয়নমূলক কর্মসূচী, পর্যাপ্ত খাদ্য সরবরাহ, চিকিৎসা বিদ্যার উন্নতি প্রভৃতির ফলে মৃত্যুহার কমে যায়।

ফলে জনসংখ্যা অত্যধিক হারে বৃদ্ধি পায়। প্রকৃতপক্ষে এই সময়েই ভারতে জনসংখ্যার বিস্ফোরণ ঘটে।

**(iv) চতুর্থ পর্যায় 1981–2011 (জনসংখ্যার বৃদ্ধি, কিন্তু নিম্নমুখী বা Period of Declining Growth) :** 1981-1991 পর্যন্ত এই দশ বছরেই ভারতের জনসংখ্যা বেড়েছে 16.41 কোটিরও বেশি অর্থাৎ প্রতি বছর 1.64 কোটি করে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে। 1991 সালে ভারতের জনসংখ্যা 84.64 কোটি এবং 2001 সালের জনগণনা অনুযায়ী ভারতের জনসংখ্যা ছিল বৃদ্ধি পেয়ে দাঁড়ায় 102.87 কোটি। 2011 সালের সর্বশেষ জনগণনা অনুসারে ভারতের জনসংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছে 121.02 কোটি। 1981 সালে বার্ষিক জনসংখ্যা বৃদ্ধির হার ছিল 2.20%। 1991 সালে এই বৃদ্ধির হার সামান্য হ্রাস পেয়ে 2.14% হয়েছে এবং 2001 সালে তা আরও হ্রাস পেয়ে 1.93% হয়েছে। 2011 সালে ভারতে বার্ষিক জনসংখ্যাবৃদ্ধির হার আরও হ্রাস পেয়ে হয়েছে 1.34%

● বৈশিষ্ট্য :

(a) 1981 সালের পর থেকে ভারতে সার্বজনীন শিক্ষার প্রসার ঘটতে থাকে। ফলে জন্মহার কমতে থাকে।


(b) চিকিৎসা শাস্ত্র ও অর্থনৈতিক উন্নতির কারণে মৃত্যুহার কমতে থাকে।

(c) জনসংখ্যা বাড়লেও বৃদ্ধির হার আগের বছরগুলির তুলনায় কিছুটা নিম্নমুখী।

Scanned with CamScanner

| জনগণনা বর্ষ | জনসংখ্যা (কোটিতে) | প্রতি দশকে প্রকৃতি পরিবর্তন (কোটিতে) | প্রতি দশকে পরিবর্তনের হার (%) | বার্ষিক গড় জনসংখ্যার বৃদ্ধির হার (%) | মহিলা ও পুরুষ অনুপাত (প্রতি হাজারপুরুষে মহিলা) | জন্মহার (%) | মৃত্যুহার (%) |
|---|---|---|---|---|---|---|---|
| 1901 | 23.84 | 0.24 | — | — | | | |
| 1911 | 25.21 | 1.37 | 5.75 | 0.56 | — | — | |
| 1921 | 25.13 | - 0.08 | -0.31 | - 0.03 | 955 | 48 | 47 |
| 1931 | 27.90 | 2.77 | 11.001.04 | 950 | 46 | 36 | |
| 1941 | 31.87 | 3.97 | 14.22 | 1.33 | 945 | 45 | 31 |
| 1951 | 36.11 | 4.24 | 13.311.25 | 946 | 40 | 27 | |
| 1961 | 43.92 | 7.81 | 21.51 | 1.96 | 941 | 42 | 23 |
| 1971 | 54.82 | 10.90 | 24.80 | 2.22 | 930 | 37 | 15 |
| 1981 | 68.33 | 13.51 | 24.66 | 2.20 | 934 | 34 | 12 |
| 1991 | 84.64 | 16.30 | 23.87 | 2.14 | 927 | 31 | 12 |
| 2001 | 102.87 | 18.23 | 21.54 | 1.93 | 933 | 26 | 9 |
| 2011 | 121.01 | 18.14 | 17.64 | 1.34 | 940 | 20.97 | 7.18 |

Source : Census of India 2011




চিত্র : ভারতের জনসংখ্যা বৃদ্ধি

Scanned with CamScanner